

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বেসরকারি মাধ্যমিক-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.৩৩৪

তারিখ: ২০ কার্তিক ১৪২৭

০৫ নভেম্বর ২০২০

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে আবেদন পত্র পাওয়া গেছে:

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	আবেদনের বিষয়
১.	নাইকানীবাড়ী আলহাজ হায়দার হামিদ মডেল স্কুল, বাসাইল, টাঙ্গাইল	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
২.	উত্তর গোতামারী স্কুল এন্ড কলেজ, হাতীবান্ধা, লালমনিরহাট	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৩.	হামিরঘোষ উচ্চ বিদ্যালয়, সিংড়া, নাটোর	উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৪.	মনিগ্রাম নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, বাঘা, রাজশাহী	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৫.	জয়পুর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, চারঘাট, রাজশাহী	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৬.	কোনাপাড়া উচ্চ বিদ্যালয়, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ	উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৭.	মুন্সু ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ, সদর, মানিকগঞ্জ	নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি (বাংলা ভাষা)
৮.	থানেশ্বর উচ্চ বিদ্যালয়, ইটনা, কিশোরগঞ্জ	উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৯.	হান্নান শেখ পাবলিক স্কুল এন্ড কলেজ, সদর, পঞ্চগড়	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
১০.	গোলাম মোস্তফা মডেল কলেজ, ডেমরা, ঢাকা	নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ/সংযুক্ত করে নির্ধারিত ছকে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- প্রতিষ্ঠানের EIIN নম্বর (প্রযোজ্যক্ষেত্রে) ও ইমেইল ঠিকানা;
- প্রতিষ্ঠানের নিজস্ব ভূমি ও নামজারি এবং খারিজ খতিয়ানের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
- ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণ হলে ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তিনামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/র সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক- সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে); ও
- মাধ্যমিক পর্যায়ের পাঠদানের অনুমতির ক্ষেত্রে-৩ বছরের জেএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ) এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের ক্ষেত্রে- ৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারি শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ)।

বিতরণ :

- চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
- চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.৩৩৪/১(৫)

তারিখ: ২০ কার্তিক ১৪২৭

০৫ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
- ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৯৪২৬

২৩-১১-২০২০
আনোয়ারুল হক
উপসচিব